দৈনিক জনকণ্ঠ

তারিখ: 23 DEC 2015
পৃষ্ঠা ১৩ কলাম ৫

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
## শিক্ষা মন্ত্রণালয়
### মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট-২ (টিকিউআই-২) ইন সেকেন্ডারি এডুকেশন প্রজেক্ট
শিক্ষা ভবন (২য় ব্লক), ঢাকা-১০০০

স্মারকনং- TQI-2/Incentive/Scholarship/১৮৬/২০১৫/১৫৭৩ তারিখ: ৩০ অগ্রহায়ণ, ১৪২২ বঙ্গাব্দ / ১৪ ডিসেম্বর, ২০১৫ খ্রিস্টাব্দ

**জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সুবিধাবঞ্চিত হিসেবে স্বীকৃত ৬৮টি উপজেলার মাধ্যমিক শিক্ষকদের ২০১৬ সালের বি.এড প্রশিক্ষণের জন্য বৃত্তি প্রদান**

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন টিচিং কোয়ালিটি ইমপ্রুভমেন্ট-২ (টিকিউআই-২) ইন সেকেন্ডারি এডুকেশন প্রকল্পের মাধ্যমে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক সুবিধাবঞ্চিত (পাহাড়ী, চর, হাওড়, বাওড় ও সিডর আক্রান্ত এলাকা) হিসেবে স্বীকৃত ২৮টি জেলার ৬৮টি উপজেলার মাধ্যমিক শিক্ষায় নিয়োজিত শিক্ষকদের পেশাগত যোগ্যতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের আওতায় ২০১৬ সালে ১৪টি সরকারি টিচার্স ট্রেনিং কলেজে একবছর মেয়াদী বি.এড প্রশিক্ষণের জন্য প্রত্যেক প্রশিক্ষণার্থীকে মাসিক ৩০০০/- টাকা হারে বৃত্তি প্রদান করা হবে। বি.এড কোর্সে ভর্তি হওয়ার পর কর্তৃপক্ষের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারী বরাবর আবেদন করতে হবে। বৃত্তি প্রাপ্তির জন্য সর্বোচ্চ ৫৫ বছর বয়স এবং ন্যূনতম ২ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। টিকিউআই-২ প্রকল্প কর্তৃক প্রদত্ত বৃত্তির সুযোগ গ্রহণ করে সুবিধাবঞ্চিত এলাকার বি.এড প্রশিক্ষণবিহীন শিক্ষকদের বি.এড প্রশিক্ষণে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৪/১২/২০১৫
(বনমালী ভৌমিক)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)
ফোনঃ ০২-৯৫৬২২২৮

এসসি-২৬৯৪/১৫ (৬"X৩)